যুগান্তর

তারিখ 03 DEC 2006
পৃষ্ঠা ১৫ কলাম ২

# বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাস ও পরীক্ষা স্থগিত

যুগান্তর রিপোর্ট

অবরোধের কারণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং সংস্থার ক্লাস ও পরীক্ষা স্থগিত করা হয়েছে। স্থগিত পরীক্ষার স্থান ও সময় পরে জানানো হবে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ স্নাতক শ্রেণীর আজ, আগামীকাল ও ৫ ডিসেম্বরের ভর্তি পরীক্ষা স্থগিত করা হয়েছে। ৬ ডিসেম্বরের পরীক্ষার তারিখ অপরিবর্তিত রয়েছে। স্থগিত পরীক্ষার নতুন সময়সূচি অনুযায়ী 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা আজকের পরিবর্তে আগামী ৯ ডিসেম্বর, 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা আগামীকাল সোমবারের পরিবর্তে ৭ ডিসেম্বর এবং ফার্মেসি, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞানের পরীক্ষা ৫ ডিসেম্বরের পরিবর্তে ৮ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। কোন পরীক্ষার দিন অবরোধ থাকলে পরীক্ষা স্থগিত থাকবে। বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর রহমানের সভাপতিত্বে শনিবার অনুষ্ঠিত ভর্তি পরিচালনা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

ইবাইস ইউনিভার্সিটি

অবরোধ কর্মসূচি চলাকালে ইবাইস ইউনিভার্সিটির সব বিভাগের ক্লাস ও পরীক্ষা স্থগিত থাকবে। তবে প্রশাসনিক কার্যক্রম চলবে। অবরোধ শেষ হলেই ক্লাস ও পরীক্ষা পূর্বনিধারিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষা স্থগিত

বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পদসমূহে সরাসরি নিয়োগে আজ ও আগামী ১১ ডিসেম্বর অনুষ্ঠিতব্য সব পরীক্ষা অনিবার্য কারণবশত স্থগিত করা হয়েছে। পরীক্ষার তারিখ ও সময় পত্রিকার মাধ্যমে পরে জানানো হবে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদফতর

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদফতরের নিয়োগ পরীক্ষা আজ থেকে আগামী ৯ ডিসেম্বর পর্যন্ত অনিবার্য কারণবশত স্থগিত করা হয়েছে।